মেহেরপুরের ৩টি গ্রাম (হিন্দা, তেতুলবাড়ীয় ও আনন্দবাস) লকডাউন

মেহেরপুরের সীমান্ত এলাকায় করোনা সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় গাংনী উপজেলার হিন্দা ও তেতুলবাড়ীয় এবং মুজিবনগর উপজেলার আনন্দবাসকে লকডাউন ঘোষনা করেছে জেলা করোনা প্রতিরোধ কমিটি।

আজ সোমবার জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান জরুরী জুম মিটিংয়ে এ সিদ্ধান্তের কথা জানান।

আগামীকাল মঙ্গলবার থেকে দুই সপ্তাহ এ লকডাউন থাকবে। এসময় ওই জররুী প্রয়োজনীয় ওষুধের দোকান ও কাচাবাজার ছাড়া সকল প্রকার দোকান-পাট বন্ধ থাকবে। ওই এলাকার কোন ব্যক্তি যদি জরুরী কাজে বাড়ির বাইরে বের হন তবে তাকে উপযুক্ত কারণ দর্শাতে হবে।

আগামীকাল থেকে দুই সপ্তাহ মেহেরপুরে কঠোর বিধি নিষেধ আরোপ

আগামীকাল মঙ্গলবার থেকে দু্ই সপ্তাহের জন্য মেহেরপুরে কঠোর বিধি নিষেধ আরোপ করেছে জেলা প্রশাসন। একই সঙ্গে মেহেরপুর থেকে রাজশাহী গামী বিআরটিসি বাস চলাচল বন্ধ করা হয়েছে।

আজ সোমবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসনের জুম মিটিংয়ে এ সিদ্ধান্ত জানানো হয়। আগামী দুই সপ্তাহ এ বিধি নিষেধ বলবৎ থাকবে।

জুম মিটিংয়ে জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে বক্তব্য দেন পুলিশ সুপার এস এম মুরাদ আলী, সিভিল সার্জন ডা. নাসির উদ্দীন, সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, জেলা

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহীন প্রমুখ।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান জানান, করোনা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষে করোনা প্রতিরোধ কমিটির পক্ষ থেকে নিম্মোক্ত সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সেগুলো হলো: জেলার অভ্যন্তরে বা[ড়ির বাইরে বের হলে মাস্ক ব্যবহার করতে হবে, জরুরী ব্যতিত সকল ব্যবসা প্রতিষ্ঠান সন্ধ্যা ৬টা থেকে সকাল ১০ টা পর্যন্ত বন্ধ থাকবে, গাংনী উপজেলার তেতুলবাড়িযা, হিন্দা ও মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামে সকল দোকান পাট বন্ধ থাকবে, এই মুহুর্তে রাজশাহী যেহেতু সংক্রমণ বেশি সে হিসেবে মেহেরপুর থেকে রাজশাহীগামী বিআরটিএ বাস চলাচল বন্ধ ঘোষনা করা হয়েছে।

মেহেরপুরে জেলা পরিষদের মাস্ক বিতরণ

করোনা ভাইরাস সংক্রমণ থেকে মানুষ যেন নিরাপদ থাকতে পারে সেজন্য মানুষের মাঝে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, সাবান ও হ্যান্ডওয়াশ বিতরণ করেছে মেহেরপুর জেলা পরিষদ।

সোমবার দুপুর ১২ টার সময় মেহেরপুরের শহরের বিভিন্ন স্থানে,মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রসূল নিজ হাতে মানুষের মাঝে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, সাবান বিতরণ করেন।

মেহেরপুর জেলা পরিষদের সামনে থেকে বড়বাজার পর্যন্ত পথচারীদের মাঝে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, সাবান বিতরণ করা হয়। মেহেরপুর জেলা পরিষদের পক্ষ থেকে ৩ লক্ষ ৯০ হাজার মাস্ক, ১০ হাজার হ্যান্ড স্যানিটাজার,১০ হাজার হ্যান্ডওয়াশ,১০ হাজার সাবান দেওয়া হবে বলে জানান জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রাসূল। জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব গোলাম রাসূল সহ জেলা পরিষদের সদস্য নার্গিস সুলতানা, সামিউন বাসির পলি, অতুল মোরশেদ, ইমতিয়াজ আহমদ মিরন, খাজা মইনুদ্দিন লিটন, আজিমুল বাবি মুকুল সহ

জেলা পরিষদের অন্যান্য কর্মকর্তাগণ সেখানে উপস্থিত ছিলেন।

মেহেরপুরে কোলড্রিংস ভেবে বিষপান করে শিশুর মৃত্যু

মেহেরপুরের ঝাউবাড়িয়া মিলপাড়া গ্রামের মৃত্যু বাবু খাঁর নাতি ও শাহজামাল খান শামীমের ছেলে তাহসিন (৫) শিশুর বিষপান করার কারণে মৃত্যু হয়েছে।

গত শুক্রবার তাহসিনের বাবা শাহজামাল খান শামিম একটি টাইগারের বোতলে ঘাস মারা বিষ রেখে ছিল সেটি মাঠে নিয়ে যাওয়ার জন্য বাইরে বের করে রাখার পর বাড়িতে থাকা সেভেন আফ এর বোতলে থাকা ঘাস পোড়া বিষ শিশু তাহছান কোল্ডড্রিংক ভেবে পান করে ফেলে। পান করার কিছুক্ষণ পরে শিশু তাহসিন অসুস্থ হয়ে পড়লে তাকে মেহেরপুর সদর জেনারেল হাসপাতাল নেওয়া হয়।

পরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয় সেখানে চিকিৎসাধীন অবস্থায় রবিবারে বিকেল সাড়ে পাঁচটার দিকে তাহসিন মৃত্যু হয়।
পরে সোমবার বেলা ১১ টার সময় তার জানাজার নামাজ শেষে দাফন সম্পণ করা হয়।

মেহেরপুরে নতুন করে ৩২জন করোনায় আক্রান্ত

মেহেরপুরে নতুন করে আরও ৩২জন করোনা আক্রান্ত হয়েছেন। এর মধ্যে সদর উপজেলায় ৮জন, গাংনীতে ১৭জন এবং মুজিবনগরে ৭ জন রয়েছেন।

রবিবার সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন।

সিভিল সার্জন অফিস সুত্রে জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্টের ৫৪টির মধ্যে পজেটিভ ৩২ টি। আজকের ৩২টি পজিটিভের মধ্য দিয়ে জেলায় মোট পজিটিভ কেসের সংখ্যা ১৭৯টি। এর মধ্যে সদরে ৩৮, গাংনী ৮৬ ও মুজিবনগরে ৫৫টি।

জেলায় এ পর্যন্ত মৃত্যু ২৬ জনের এর মধ্যে সদর ১০, গাংনী ১০ ও মুজিবনগরে ৬ জন। আক্রান্তদের মধ্যে এ পর্যন্ত সুস্থ হয়েছেন ৯১৬ জন।

তিনি সবাইকে সামাজিক দূরত্ব, নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস, মাস্ক ব্যবহার, জন সমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান।

মেহেরপুরে ডিবি পুলিশের অভিযানে ১০পিস ইয়াবাসহ এক যুবক আটক

মেহেরপুর ডিবি পুলিশের মাদকবিরোধী অভিযানে জাজেদুর রহমান জিতু
(২৬) নামের এক যুবককে ১০ পিস ইয়াবাসহ আটক করা হয়েছে। রবিবার মধ্যরাতে মেহেরপুর শহরের মল্লিকপাড়ায় অভিযান চালিয়ে জিতুকে গ্রেফতার করা হয়। জিতু মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকার জামশেদুর রহমানের ছেলে। ডিবির ওসি জুলফিকার আলী জানান পুলিশ সুপার এস এম মুরাদ আলির নির্দেশে চলমান মাদকবিরোধী অভিযানে গোপন সূত্রে খবর পেয়ে মেহেরপুর ডিবি এস আই মুক্ত রায় চৌধুরী, পিপিএম এর নেতৃত্বে সঙ্গীয় এএসআই মো: মাহাতাব উদ্দিন, এএসআই আহসান হাবীব ও এএসআই মো: ইব্রাহিম বিশ্বাস ও সঙ্গীয় ফোর্স সহ মেহেরপুর পৌরসভার মল্লিকপাড়া এলাকায় অভিযান চালিয়ে মো: জাজেজুর রহমান জিতু গ্রেফতার করে। এ সময় তার কাছ থেকে ১০ পিস ইয়াবা উদ্ধার করা হয়। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মেহেরপুর সদর

থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুরে হেরোইনসহ সেই নারী মাদক ব্যবসায়ী মমতাজ আটক

মেহেরপুর সদর থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫ গ্রাম হেরোইনসহ সেই মমতাজ বেগম কে আটক করেছে।

রবিবার দুপুরের দিকে মেহেরপুর শহরের জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর পিছনের একটি বাড়িতে অভিযান চালিয়ে মমতাজ কে গ্রেফতার করা হয়। মমতাজ মেহেরপুর শহরের বাসস্ট্যান্ড এলাকার মৃত বাবলার স্ত্রী।

জানা গেছে, গোপন সূত্রে খবর পেয়ে মেহেরপুর সদর থানার ওসি (তদন্ত) আমিরুল ইসলামের নেতৃত্বে পুলিশের একটি দল জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর পিছনের একটি টিনের ঘরে অভিযান চালায়। এসময় মমতাজকে গ্রেপ্তার করার পর তার ঘর থেকে ৫ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। মমতাজের বিরুদ্ধে মামলার প্রক্রিয়া চলছে।

উল্লেখ্য, গত ১জুন মেহেরপুর প্রতিদিনে “হাত বাড়ালেই মরণনেশা” শিরোনামে সংবাদ প্রকাশ হয়। সংবাদে মমতাজে হেরোইন ব্যবসা তথ্য রয়েছে।

নিচের লিংকে পড়ুন সেই সংবাদ
হাত বাড়ালেই মরণনেশা!

গাংনীতে গৃহবধুর আত্মহত্যা

মেহেরপুরের গাংনীতে পারিবারিক কলহের জেরে সুরাতন খাতুন (৪২) নামের এক গৃহবধু আত্মহত্যা করেছেন। রোববার সকাল ৭ টার দিকে উপজেলার ব্রজপুর গ্রামে এ ঘটনা ঘটে। তিন সন্তানের জননী সুরাতন ব্রজপুর গ্রামের সেন্টু আলীর স্ত্রী ও নওদাপাড়া গ্রামের মুরাদ আলীর মেয়ে।

স্থানীয় সূত্রে জানা গেছে, উপজেলার নওদাপাড়া গ্রামের মুরাদ আলীর মেয়ের সাথে সেন্টু আলীর প্রায় ১৭ বছর আগে বিয়ে হয় এবং ঘর সংসার চলতে থাকে। অভাব অনটনের সংসারে প্রায়শই তাদের স্বামী-স্ত্রীর মধ্যে মনমালিন্য ঘটতো। পারিবারিক কলহের জেরে রোববার সকাল ৭ টার দিকে ব্রজপুর গ্রামে স্বামীর নিজ ঘরের আড়ার সাথে ওড়না পেচিয়ে আত্মহত্যা করে। সংবাদ পেয়ে বামুন্দি ক্যাম্পের আইসি আবুল খায়ের মোল্ল্যা ঘটনাস্থানে উপস্থিত হয়ে মরদেহ উদ্ধার করে গাংনী থানায় প্রেরণ করেন।

গাংনী থানা অফিসার ইনচার্জ বজলুর রহমান জানান, ব্রজপুর গ্রামে এক গৃহবধুর আত্মহত্যার ঘটনা ঘটেছে। ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। মরদেহ উদ্ধার করে মর্গে পাঠানোর প্রক্রিয়া চলমান। এ বিষয়ে একটি অপমৃত মামলা হয়েছে।

গাংনীতে ইয়াবাসহ একজন গ্রেপ্তার

ফুরকান আহমেদ খান(৩৫) নামের এক ইয়াবা পাচারকারীকে গ্রেপ্তার করেছে পুলিশ। উদ্ধার করা হয়েছে ২৫ পিস ইয়াবা। মেহেরপুরের গাংনী থানা পুলিশের একটি টীম গাংনী হাইস্কুল মার্কেটের সামনে থেকে তাকে গ্রেপ্তার করে।
ফুরকান আহমেদ গাংনীর চৌগাছা পশ্চিম পাড়ার ইদ্রীস আলীর ছেলে।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, ফুরকান একজন চিহ্নিত ইয়াবা

পাচারকারী। সে ইয়াবা নিয়ে গাংনী হাইস্কুলের সামনে অপেক্ষা করছে মর্মে সংবাদের ভিত্তিতে এসআই নূর ও সঙ্গীয় ফোর্স অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করে। তার বিরুদ্ধে মামলাসহ মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগর সীমান্ত দিয়ে ছয় বাংলাদেশীকে পুশব্যাক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার সীমান্ত থেকে ছয়জন বাংলাদেশী নাগরিককে পুশব্যাক করেছে ভারতীয় বিএসএফ।

রবিবার সকালে কাঁটাতারের বেড়ার গেট খুলে ছয়জনকে পুশব্যাক করা হয়। ছয়জনের বাড়ি উত্তরবঙ্গের বিভিন্ন জেলায়।

প্রবেশকারীদের সুত্রে জানা গেছে, তারা বিভিন্ন সময়ে অবৈধভাবে অনুপ্রবেশ করে ভারতের পুলিশের হাতে আটক হয়। বিভিন্ন মেয়াদে সাজা খেটে তারা সাম্প্রতিক সময়ে মুক্তি পায়। পরে বিএসএফ তাদেরকে বহরমপুর কারা হেফাজতে রাখে। সুযোগমতো গত শনিবার রাতে মুজিবনগর সীমান্তের কাঁটাতারের গেট খুলে তাদেরকে বাংলাদেশ সীমান্তে ঠেলে দেয় হয়। ওই ছয়জন রাতের আঁধারে মুজিবনগরের কেদারগঞ্জ বাজারে গিয়ে রাজশাহীগামী বাসে উঠেন। বাস চালক ও সুপারইভারজার বিষয়টি টের পেয়ে গাংনী উপজেলার জোড়পুকুরিয়া বাজারে তাদেরক বাস থেকে নামিয়ে দেন। সেখানে কিছুক্ষণ তারা অবস্থান করেন। পরে পুলিশ আসার খবর পেয়ে সেখান থেকে তারা কৌশলে সঁটকে পড়ে।

বিষয়টি জানতে চাইলে ৬ বিজিবি অধিনায়ক লে. কর্ণেল খালেকুজ্জামান বলেন, বিষয়টি আমাদের জানা নেই। আমরা তাদের নাম ঠিকানা সংগ্রহ করে ব্যাবস্থা নেব। এখন থেকে সীমান্তে নজরদারি বৃদ্ধি করা হবে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বজলুর রহমান জানান, তাদেরকে খুঁজে বের করার চেষ্টা করছে পুলিশ।